দৈনিক ইনকিলাব

10 JUN 1992

তারিখ 10 JUN 1992
পৃষ্ঠা 1 কলাম ৩

শিক্ষাঙ্গন

## সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

সম্প্রতি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা, বাংলাদেশ কর্তৃক দেশব্যাপী প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের শূন্য পদ পূরণের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের জন্য উক্ত পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দেশের ৯০ শতাংশ নাগরিক মুসলমান। প্রাথমিক স্তর হতেই মুসলমান সন্তানদের মুসলিম শিক্ষা, সংস্কৃতি, কৃষ্টি, ঐতিহ্য ও সভ্যতার সাথে পরিচিত হতে হবে। এ স্তরে তারা যা শিখবে তা-ই তারা ভবিষ্যতে লালন করবে। কিন্তু গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা গেছে যে, বছর দু'য়েক আগে সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে এবং সম্প্রতি উচ্চ বিদ্যালয়সমূহে যে শিক্ষক নিয়োগ করা হয়েছে তার মধ্যে ৭০% সংখ্যা লঘিষ্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। এমনকি অনেক প্রাথমিক বিদ্যালয়ে একজনও মুসলমান শিক্ষক নেই— যিনি শিশুদেরকে ইসলাম ধর্ম পড়াতে পারেন। এমতাবস্থায় মুসলমানদের শিক্ষা, ধর্ম, কৃষ্টি, ঐতিহ্য ইত্যাদি সম্পর্কে বাস্তব জ্ঞান না থাকায় এই সকল সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়ের সংখ্যাগরিষ্ঠ সংখ্যক শিক্ষক মুসলিম শিশুদেরকে মুসলিম ধর্ম, শিক্ষা, কৃষ্টি ইত্যাদি শিক্ষা দিতে সম্পূর্ণ অক্ষম। ফলে, আগামী প্রজন্মের (অর্থাৎ আগামী ২০ থেকে ২৭ বছর পর্যন্ত যতদিন এসব শিক্ষক চাকুরীতে নিয়োজিত থাকবেন) শিশুরা মুসলমান হয়ে গড়ে না উঠে তৃতীয় অন্য কিছু হয়ে গড়ে উঠবে। অর্থাৎ তাদের মন-মানসিকতার বিকাশ ঘটবে অন্য সংস্কৃতির আদলে। ফলে, এদেশের ভবিষ্যৎ মুসলমানরা নিজ কৃষ্টি, ধর্ম, ঐতিহ্য সম্পর্কে অজ্ঞ হয়ে জাতি হিসেবে অত্যন্ত দুর্বল হয়ে পড়বে এবং এদেশে ভিন্ন সম্প্রদায়ের সাংস্কৃতিক আগ্রাসনের পথ সুগম হবে। ফলে, জাতি হিসেবে মুসলমানদের অস্তিত্বই বিপন্ন হবে। এমতাবস্থায় নিম্নলিখিত সুপারিশ বাস্তবায়ন করার জন্য সরকার এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে অনুরোধ জানাচ্ছি।

১। দেশের সকল সম্প্রদায়ের জনসংখ্যার অনুপাতে সেই সম্প্রদায়ের অন্তর্ভুক্ত শিক্ষক নিয়োগ করা হোক। অর্থাৎ ৯০% মুসলমান জনগোষ্ঠী থেকে ৯০% মুসলমান শিক্ষক এবং ১০% অন্যান্য সম্প্রদায়ের জনগোষ্ঠী হতে তদানুপাতে অন্যান্য সম্প্রদায়ের শিক্ষক নিয়োগ করা হোক।

২। ইতিপূর্বে সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায় হতে উপরোক্ত অনুপাতের চেয়ে অধিক নিয়োগকৃত শিক্ষকদের বিপরীতে বর্তমান শিক্ষক নিয়োগ করার সময় অধিক সংখ্যায় মুসলমান শিক্ষক নিয়োগ করে সমন্বয় সাধনপূর্বক ভারসাম্য আনয়ন করা হোক অর্থাৎ সংখ্যাগরিষ্ঠ মুসলমান সম্প্রদায় হতে অধিক সংখ্যক শিক্ষক নিয়োগ করে প্রত্যেক বিদ্যালয়ে মোট মুসলমান শিক্ষকের সংখ্যা ৯০% করা হোক।

৩। উক্ত অনুপাত ব্যবস্থাকে সর্বস্তরের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটি অত্যাবশ্যকীয় নীতি হিসেবে গণ্য করা হোক।

মোহাম্মদ নূরুল ইসলাম চৌধুরী,
মোহাম্মদ ইউসুফ।